

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮১৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৪. মুস্তাহাযাহ (রক্ত প্রদরের রোগিণী)-এর গোসল সম্পর্কে

بَابٌ فِي غُسْلِ الْمُسْتَحَاضَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى حَدَّثَنَا شَرِيكٌ عَنْ أَبِي الْيَقْظَانِ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْمُسْتَحَاضَةُ تَدَعُ الصَّلَاةَ أَيَّامَ حَيْضِهَا فِي كُلِّ جَدِّهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْمُسْتَحَاضَةُ تَدَعُ الصَّلَاةَ أَيَّامَ حَيْضِهَا فِي كُلِّ شَهْرٍ فَإِذَا كَانَ عِنْدَ انْقِضَائِهَا اغْتَسَلَتْ وَصَلَّتْ وَصَامَتْ وَتَوَضَّأَتْ عِنْدَ كُلِّ صَلَاةٍ إسناده ضعيف ولكن الحديث صحيح بشواهده

বাংলা

৮১৬. আদী ইবনু ছাবিত তার পিতা হতে, তিনি তার দাদা হতে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেন, তিনি বলেন: ইসতিহাযাহগ্রস্ত মহিলা প্রত্যেক মাসে তার হায়িয় এর দিনগুলিতে সালাত পরিত্যাগ করবে। এরপর যখন এটা সমাপ্ত হবে, তখন সে গোসল করবে এবং সালাত আদায় করবে ও সিয়াম পালন করবে। আর সে প্রত্যেক সালাতের সময় ওযু করবে।[1]

ফুটনোট

[1] তাষ্ক্রীক্ক: এর সন্দ যয়ীফ। কিন্তু হাদীসটির শাহিদ হাদীস থাকায় এটি সহীহ। আয়েশা রা: বর্ণিত পূর্ববর্তী হাদীসসমূহ দেখুন।

তাখরীজ: তাহাবী, শারহু মা'আনিল আছার ১/১০২; আবু দাউদ ২৯৭; তিরমিযী ১২৬, ১২৭; ইবনু মাজাহ ৬২৫; বাইহাকী ১/৩৪৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আদী ইবন সাবিত (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন